

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার পুরস্কার  
বিতরণী**



৭ ফেব্রুয়ারি, ২০১৯-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা-২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ক্রীড়া উপকমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় ক্রীড়া উপকমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সদস্য অধ্যাপক ড. শামীমা বেগম এর সভাপতিত্বে ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া বিভিন্ন বিভাগের টিম ম্যানেজার হিসেবে শিক্ষক-শিক্ষিকা বৃন্দ উপস্থিত ছিলেন।

ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলায় চ্যাম্পিয়ন হয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগ এবং রানার্স আপ হয় ইংরেজি বিভাগ। প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় ও ম্যান অব দ্যা ম্যাচ হয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগের মাসুম। উল্লেখ্য আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধনী হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে (ধুপখোলা) গত ১৩ জানুয়ারি এবং ফাইনাল খেলার মধ্য দিয়ে আজ সমাপ্তি হয়। প্রতিযোগিতায় মোট ৩৬ টি বিভাগ অংশগ্রহণ করে এবং ৩৫ টি ম্যাচের মাধ্যমে খেলা হয়।